তারিখ ০৬ MAR 2016
পৃষ্ঠা ২০ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.১০.০০০০.১১২.৬৫.৬৬.২০১৬/০২ তারিখ: ০১ /০৩/২০১৬

বিজ্ঞপ্তি

# সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০১৬

দেশব্যাপী সৃজনশীল মেধা অন্বেষণের লক্ষ্যে সরকার একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করেছে। এ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক দেশব্যাপী নিম্নোক্ত ৩টি গ্রুপে ও ৪টি বিষয়ে ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে:

| ক্রমিক নং | গ্রুপ | বিষয় | | | | সেরা মেধাবী |
|---|---|---|---|---|---|---|
| | | ভাষা ও সাহিত্য | বিজ্ঞান | গণিত ও কম্পিউটার | বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ | |
| ১. | ৬ষ্ঠ- ৮ম শ্রেণি | ১ | ১ | ১ | ১ | ৪ |
| ২. | ৯ম-১০ম শ্রেণি | ১ | ১ | ১ | ১ | ৪ |
| ৩. | একাদশ-দ্বাদশ শ্রেণি | ১ | ১ | ১ | ১ | ৪ |
| | | | | | মোট | ১২ |

বাংলাদেশের সকল উপজেলার স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রত্যেকটি শিক্ষাপ্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় আগামী ০৭/০৩/২০১৬ ও ০৮/০৩/২০১৬ তারিখ স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানে সকল শিক্ষার্থী নিয়ে এ প্রতিযোগিতার আয়োজন করবে এবং ১০/০৩/২০১৬ তারিখে নির্ধারিত আবেদনপত্র পুরণ করে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করবে। বর্ণিত ৩টি গ্রুপ ও ৪টি বিষয়ে উপজেলা পর্যায়ে নির্বাচিত সেরা ১২ জন জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে। প্রতিটি জেলা হতে ৩টি গ্রুপ ও ৪টি বিষয়ে নির্বাচিত সেরা মোট ১২ জন করে বিভাগীয়/ঢাকা মহানগর পর্যায়ে অংশগ্রহণ করবে। প্রতিটি বিভাগ হতে ৩টি গ্রুপ ও ৪টি বিষয়ে ১২ জন করে (৮ টি বিভাগ ও ঢাকা মহানগরী) মোট ১০৮ জন জাতীয় পর্যায়ে অংশগ্রহণের সুযোগ পাবে। প্রতিটি পর্যায়ের বিজয়ীদেরকে সনদপত্র ও নগদ অর্থ পুরস্কার প্রদান করা হবে। জাতীয় পর্যায়ে ৩টি গ্রুপ ও ৪টি বিষয়ে নির্বাচিত সেরা মোট ১২ জনকে নগদ এক লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হবে। একজন শিক্ষার্থী সর্বাধিক ৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬ সালের এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষার্থী এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

## প্রতিযোগিতার সময়সূচি

| পর্যায় | তারিখ |
|---|---|
| উপজেলা | ১৫, ১৬, ১৮ ও ১৯ মার্চ ২০১৬ |
| জেলা | ২২/০৩/২০১৬ |
| ঢাকা মহানগর | ২৩/০৩/২০১৬ |
| বিভাগ | ২৪/০৩/২০১৬ |
| জাতীয় | ৩১/০৩/২০১৬ |

## যোগাযোগের ঠিকানা :

| পর্যায় | কর্মকর্তা |
|---|---|
| উপজেলা | উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| জেলা | জেলা প্রশাসক/ জেলা শিক্ষা অফিসার |
| বিভাগ | বিভাগীয় কমিশনার/ আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা |
| ঢাকা মহানগর | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা |
| জাতীয় | সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা |

## আবেদনপত্র প্রাপ্তির ওয়েবসাইটের ঠিকানা

| আবেদনপত্র প্রাপ্তির ওয়েবসাইটের ঠিকানা |
|---|
| www.moedu.gov.bd |
| www.mopa.gov.bd |
| www.dshe.gov.bd |
| www.dhakaeducationboard.gov.bd |
| www.rajshahieducationboard.gov.bd |
| www.comillaboard.gov.bd |
| www.bisejessore.gov.bd |
| www.bisectg.gov.bd |
| www.bise-sylhet.gov.bd |
| www.barisalboard@gmail.com |
| www.dinajpureducationboard.gov.bd |
| www.bmed.gov.bd |
| www.bteb.gov.bd |

আহ্বায়ক
প্রচারণা কমিটি
সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০১৬
ফোন: ৯৫৫৬৭৮৯, ৯৫৫৬৮৪৮
E-mail: addsec_dev@moedu.gov.bd
ddphysical@gmail.com